দৈনিক জনকণ্ঠ


44

তারিখ ... FEB 23 2000 ...

# একুশের বইমেলাসহ ভাষাশহীদ স্মরণে বহুমাত্রিক অনুষ্ঠান উৎসব এখনও চলছে

**হাসান হাফিজ**


তোরা সব জয়ধ্বনি কর তোরা সব জয়ধ্বনি কর/ ঐ নূতনের কেতন ওড়ে কালবোশেখীর ঝড়— শহীদ মিনারে গতকাল ছায়ানটের সূচনা গান ছিল এটি। একুশের বইমেলাসহ মহান ভাষা শহীদ স্মরণে বহুমাত্রিক অনুষ্ঠান উৎসব এখনও চলছে। একুশে ফেব্রুয়ারি আর বাংলাদেশ রাষ্ট্রের একক সম্পদ ও অহঙ্কার




নয়। এ দিনটি এখন থেকে প্রতি বছর উদ্‌যাপিত হবে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে। একুশের ঐতিহ্যের সৌরভ ও গর্বের অংশীদার এখন বিশ্বের সকল মানুষ। বাংলাদেশে শহীদ দিবসের অনুষ্ঠান চলবে পুরো মাস— অর্থাৎ ২৯ ফেব্রুয়ারি পর্যন্ত। ঢাকা শুধু নয়, সারা দেশেই অনুষ্ঠান চলছে।

মঙ্গলবার সন্ধ্যায় কেন্দ্রীয় শহীদ মিনারে ছিল ঐতিহ্যবাহী সঙ্গীত বিদ্যায়তন 'ছায়ানট'-এর একুশে অনুষ্ঠান। কথা, গান ও নৃত্যে বীর ভাষা শহীদদের স্মরণ করা হয়েছে। এক ঘণ্টার পরিশীলিত অনুষ্ঠান উপভোগ করেছেন সমাজের সর্বস্তরের মানুষ। তবে কেন্দ্রীয় শহীদ মিনারে আলোর অপর্যাপ্ততা ছিল শ্রোতা-দর্শকদের জন্য রীতিমতো পীড়াদায়ক।

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম, অতুল প্রসাদ সেন, গুরুসদয় দত্ত, সলিল চৌধুরীর গান পরিবেশন করেছেন ছায়ানটের শিল্পীরা। গ্রন্থনা ও ধারা বর্ণনা ওয়াহিদুল হকের। সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেছেন শারমিন সাথী ইসলাম, সাদিয়া সুলতানা দীন, সিফায়েতউল্লাহ, অনিন্দ্য রহমান, আবদুস সাত্তার, ফাহমিদা খান, আজাদুর রহমান, রোকসানা লাকী, চয়ন মল্লিক, নিশাত, রাফিয়া, প্রেমা ও সোনিয়া। তবলায় ছিলেন এনামুল হক ওমর।



মঙ্গলবার শহীদ মিনারে ছায়ানটের সঙ্গীত পরিবেশনা —জনকণ্ঠ

## বাংলা একাডেমী সাহিত্য পুরস্কার প্রদান

বাংলা একাডেমী সাহিত্য পুরস্কার '৯৯ প্রাপ্ত কথাশিল্পী নাসরীন জাহানের হাতে পুরস্কারের ৫০ হাজার টাকা ও সনদপত্র মঙ্গলবার আনুষ্ঠানিকভাবে তুলে দেয়া হলো। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলা একাডেমীর সভাপতি অধ্যাপক আনিসুজ্জামান। স্বাগত ভাষণ দেন একাডেমীর মহাপরিচালক অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন। কথাশিল্পী নাসরীন জাহান তাঁর প্রতিক্রিয়ায় বলেন, বাংলা একাডেমী পুরস্কার আমার দায়িত্ববোধ বাড়িয়ে দিয়েছে।

(১১- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## একুশের বইমেলাসহ

(১২-এর পাতার পর)

শিল্প নিয়ে আমার স্বেচ্ছাচারিতার খেলাকে খানিকটা সতর্ক করে দিল এই পুরস্কার। সন্ধ্যায় মূল মঞ্চে ছিল বিদেশী শিশু-কিশোরদের সঙ্গীতানুষ্ঠান। সকালে বাংলা একাডেমীতে ছিল শিশু-কিশোরদের নির্ধারিত বক্তৃতার প্রতিযোগিতামূলক অনুষ্ঠান। দুপুরে আনুষ্ঠানিকভাবে পুরস্কৃত করা হয় সেই সব ক্ষুদে শিল্পীকে— যারা চিত্রাঙ্কন ও বক্তৃতা প্রতিযোগিতায় বিজয়ী হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ শিশু একাডেমীর পরিচালক গোলাম কিবরিয়া।

### বইমেলায় আরও নতুন বই আসছে

একুশে পার হয়ে গেলেও সৃজনশীল নতুন বই প্রকাশনার ধারা অব্যাহত রয়েছে এখনও। ধারাটি ক্ষীণ, কিন্তু বহমান রয়েছে। আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রথম উদ্‌যাপন, নতুন শতাব্দীর শুরু— এই দু'টি কারণে এবার নতুন বই বেরিয়েছে, বেরোচ্ছে অন্যান্য বছরের চেয়ে অনেক বেশি। মাঝে তিনদিন হরতাল কিঞ্চিৎ বাগড়া দিলেও মেলা এখনও জমজমাট। গতকাল সন্ধ্যার পর ভাল জনসমাগম লক্ষ্য করা গেছে বইমেলায়। মঙ্গলবার বাংলা একাডেমী সরবরাহকৃত তালিকায় দেখা যাচ্ছে, প্রকাশিত বইয়ের সংখ্যা ৫২। এটি একদিনে প্রকাশিত বইয়ের সংখ্যা। প্রকৃত সংখ্যা আরও বেশি হবে। সব প্রকাশক বই জমা দিতে চান না।

